গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও, নং-২০৭-আইন/২০১৮/৮১০-মূসক।**— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার —

(১) মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫৫-আইন/২০১৭/৪১/কাস্টমস; তারিখঃ ০১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ এর TABLE-I ও TABLE-II এর অন্তর্ভুক্ত পণ্য (CKD Motorcycle ব্যতীত) আমদানির ক্ষেত্রে এবং মোটরসাইকেল পার্টস উৎপাদনকারী (ভেন্ডর) প্রতিষ্ঠান কর্তৃক উক্ত প্রজ্ঞাপনের TABLE-I এর অন্তর্ভুক্ত পণ্য (CKD Motorcycle ব্যতীত) আমদানির ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে সমুদয় মূল্য সংযোজন কর;

(২) দফা (১) এ উল্লিখিত TABLE সমূহে বর্ণিত যন্ত্রাংশ ও উপকরণ ব্যবহারপূর্বক মোটরসাইকেল এবং মোটরসাইকেলের পার্টস স্থানীয়ভাবে (CKD Motorcycle স্থানীয় সংযোজন ব্যতীত) উৎপাদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে সমুদয় মূল্য সংযোজন কর; এবং

(৩) কোন মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান নিম্নবর্ণিত শর্তাবলীর শর্ত (ঘ) ও (ঙ) তে উল্লিখিত Basic Raw Material হিসাবে ব্যবহৃত Plain Metal Sheet/Flat-rolled Products অথবা Seamless Tube/Pipe/Rod/Bars/ Hollow Profile অথবা সমজাতীয় পদার্থ হইতে চেসিস তৈরি করিতে সমর্থ না হইলেও কিন্তু অন্যান্য সকল শর্তাবলী পরিপালন করিতে সমর্থ হইলে তাহাদের ক্ষেত্রে সরকার, কেবল স্থানীয় উৎপাদন পর্যায়ে ৭ (সাত) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর,

হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তাবলী:**

(ক) সংশ্লিষ্ট মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানকে Bangladesh Investment Development Authority (BIDA)/ Bangladesh Economic Zone Authority (BEZA) হইতে উৎপাদক হিসেবে নিবন্ধন ও Bangladesh Road Transport Authority (BRTA) হইতে উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে অনুমোদন গ্রহণ করিতে হইবে এবং

মোটরসাইকেলের পার্টস উৎপাদনকারী (ভেন্ডর) প্রতিষ্ঠানকে BIDA/ BEZA হইতে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) মোটরসাইকেল উৎপাদনকারী ও মোটরসাইকেল পার্টস (ভেন্ডর) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে কমপক্ষে ৩০% মূল্য সংযোজন করিতে হইবে;

(গ) সংশ্লিষ্ট মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানে মোটরসাইকেলের চেসিসসহ এক বা একাধিক গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ যেমন: Swing Arm, Wheel, Fuel Tank, Handle Bar, Muffler ইত্যাদি যন্ত্রাংশ Basic Raw Material হইতে তৈরি করিতে হইবে এবং উহা তৈরির সংশ্লিষ্ট মেশিনারী থাকিতে হইবে;

(ঘ) মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানে স্থানীয় পর্যায়ে যথাসম্ভব সর্বোচ্চ মূল্য সংযোজন নিশ্চিত করিবার লক্ষ্যে Plain Metal Sheet/Flat-rolled Products, অথবা Seamless Tube/Pipe/Rod/Bars/Hollow Profile অথবা সমজাতীয় Basic Raw Material হইতে চেসিস তৈরি করিতে হইবে;

(ঙ) মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানে চেসিসের সহিত অন্যান্য যন্ত্রাংশ ওয়েল্ডিং এর মাধ্যমে জোড়া লাগাইবার উদ্দেশ্যে পৃথক ওয়েল্ডিং সেকশন এবং উক্ত কার্যক্রম সম্পাদন করিবার লক্ষ্যে প্রয়োজনীয় সংশ্লিষ্ট মেশিনারীজ থাকিতে হইবে;

(চ) মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানে Paint Shop থাকিতে হইবে; তবে, প্রতিষ্ঠানের নিজস্ব প্রাঙ্গনে Paint Shop সংস্থাপিত না থাকিলে উক্ত কার্যক্রম বা সেবা অন্যকোন প্লান্ট, প্রতিষ্ঠান হইতে প্রযোজ্য মূল্য সংযোজন কর পরিশোধপূর্বক সম্পন্ন করিতে পারিবে সেইরূপ ব্যবস্থা থাকিতে হইবে;

(ছ) মোটরসাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানে এ্যাসেম্বলি সেকশন, টেস্টিং, কোয়ালিটি কন্ট্রোল ও প্রি-ডেলিভারী ইন্সপেকশন এর ব্যবস্থা থাকিতে হইবে এবং তদ্‌লক্ষ্যে প্রয়োজনীয় মেশিনারীজ থাকিতে হইবে।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতি বা রেয়াতি সুবিধার সুযোগ গ্রহণের জন্য, সংশ্লিষ্ট মোটরসাইকেল ও মোটরসাইকেল পার্টস (ভেন্ডর) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী প্রতিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ, জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন দাখিলকৃত আবেদনের ভিত্তিতে নিম্নবর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে, যথা:-

**কমিটি:**

(১) দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড;

(২) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
(৩) সংশ্লিষ্ট মূসক সার্কেলের রাজস্ব কর্মকর্তা।

৪। অনুচ্ছেদ ৩ এ বর্ণিত কমিটি, কমিটি গঠনের অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক উহার পরিদর্শন প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে এবং উক্ত বোর্ড, দাখিলকৃত প্রতিবেদনে প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে, প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, বিষয়টি নিষ্পত্তি করিবে এবং বোর্ডের অনুমোদন প্রাপ্তির পর অনুমোদনের তারিখ হইতে অব্যাহতি বা রেয়াতি সুবিধা প্রদান করা হইবে।

৫। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোন উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩১, ৩২, ৩৫ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৬। অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে, অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ ৫ এর বিধানাবলী পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি বা রেয়াতি সুবিধা প্রাপ্য হইবে না।

৭। এই প্রজ্ঞাপনের আওতায় অব্যাহতি বা রেয়াতি সুবিধা ভোগকারী কোন প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে পরিপালন করিতেছে কিনা তাহা যথোপযুক্ত অনুসন্ধানের লক্ষ্যে বোর্ড যে কোন সময় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে। উক্ত অনুসন্ধানের প্রেক্ষিতে এই প্রজ্ঞাপনের কোন শর্ত প্রতিপালিত হইতেছেনা মর্মে প্রতীয়মান হইলে সংশ্লিষ্ট উৎপাদনকারীর বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে এবং প্রদত্ত অব্যাহতি বা রেয়াতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল হইবে।

৮। এই প্রজ্ঞাপন আগামী ৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

৯। এই বিভাগ কর্তৃক জারীকৃত ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং- ১৭৫-আইন/২০১৮/৭৯৮-মূসক এতদ্দারা রহিত করা হইল।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)**
সিনিয়র সচিব